[illegible]ক বাংলা

তারিখ 26 DEC 1989
পৃষ্ঠা 9 [illegible] 2

৫৫৩

# যশোর বোর্ডের সাড়ে ৪ হাজার ছাত্রের মাধ্যমিক পরীক্ষা বাতিল

(নিজস্ব সংবাদদাতা)

সাতক্ষীরা, ২৪শে ডিসেম্বর।— যশোর শিক্ষাবোর্ডের ১৯৮৯ সালের মাধ্যমিক পরীক্ষার বহিস্কৃত ছাত্র-ছাত্রীদের সাড়ে চার হাজার জনকে বিভাগীয় সাজা প্রদান করা হয়েছে সাজার মেয়াদ এক থেকে পাঁচ বছর পর্যন্ত। এ সময়ে তারা পরীক্ষায় অংশ নিতে পারবে না।

পরীক্ষায় অসদুপায় অবলম্বন, অসদাচরণ ও দুর্নীতির দায়ে বোর্ডের শৃংখলা কমিটি সম্প্রতি এ সাজা প্রদান করে।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের ১৯ই ডিসেম্বর তারিখের স্মারক সংখ্যা পনি/৩৮৭ মোতাবেক জানা গেছে কেবলমাত্র ১৯৮৯ সালের পরীক্ষা বাতিল করা হয়েছে ৩৬৩৩ জনের। এদের মধ্যে মহিলা প্রায় ৫০০ জন। অপরদিকে ১৯৮৯ সহ ১৯৯০ সালের পরীক্ষা রহিত হয়েছে ৫৫৫ জনের। ১৯৮৯, ১৯৯০ ও ১৯৯১ সালের পরীক্ষা বাতিল ও রহিত করা হয়েছে ১৯৬ জনের। এছাড়া ১৯৮৯ থেকে ১৯৯৩ সাল পর্যন্ত এই পাঁচ বছরের পরীক্ষা বাতিল ও রহিত ৩ জনের।

স্মারকে বলা হয় সবচেয়ে বেশি সংখ্যক বহিস্কৃত পরীক্ষার্থী শাস্তিপ্রাপ্ত হয়েছে যশোর কেন্দ্রের এ সংখ্যা ২৫৫। এর পরের অবস্থান বানরীপাড়া কেন্দ্রের ১৭০ জনের। সুবিদখালি কেন্দ্রের এ সংখ্যা ১৬৫ ও আলমডাঙ্গায় ১৪৫ জন। বহিস্কৃতদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এ শাস্তি দেয়া হয়।

উল্লেখ্য যশোর বোর্ডে ১৯৮৮ সালে সাজাপ্রাপ্ত বহিস্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২৬৭২। ১৯৮৭ সালে ছিল ১২০০ জন। ১৯৮৯ সালে অনুষ্ঠিত পরীক্ষায় বেশি কড়াকড়ি ব্যবস্থা নেয়ায় বহিস্কারের সংখ্যাও বেশি। শাস্তিপ্রাপ্তের সংখ্যাও বেশি।